# SURENDRANATH LAW COLLEGE

24/2, MAHATMA GANDHI ROAD, KOLKATA- 700009
Tel : 2350 3896
Email : snlcollege@gmail.com
Website : www.snlawcollege.ac.in

Ref. No: SNLC/IQAC/ACA/068/2022-2023

Date : 27/06/2022

## NOTICE

This is for information to all students of Surendranath Law College that Swami Vivekananda Ancestral Home and Cultural Centre, on its 75th Anniversary, has invited our students to participate in various cultural events, to be organised on 30th and 31st July, 2022 from 10:00 a.m. to 05:00 p.m. at 105, Vivekananda Road, Kolkata-700006. Students willing to participate in the event are directed to contact Ms. Godhuli Bhattacharjee.

Chandrima Sen

**Chandrima Sen**
Convenor
Cultural Club
Surendranath Law College

**Dr. Mohammadi Tarannum**
Vice Principal
Surendranath Law College

VICE PRINCIPAL
SURENDRANATH LAW COLLEGE
KOLKATA

## ইমন-কল্যাণ—একতাল

স্বদেশ বিদেশ উজলি উদিছে তোমার নবীন রবি,
হাসিয়া লাবণ্য ঝরিয়ে [illegible] তোমার মোহন ছবি,
নিত্য-শুদ্ধ-মুক্তি [illegible] সবই [illegible],
মোদের বিবেকানন্দ তুমি গো—বিশ্ব বিবেকানন্দ
অরুণ কিরণ উজলি উঠিল উদিলে যে দিন বঙ্গে,
স্বর্গ সলিল সুরভি বৃষ্টি বরষি উদিলে সঙ্গে
প্রেমের পূণ্য-প্রবাহে সাজিলে গৌর নিত্যানন্দ,
মোদের বিবেকানন্দ তুমি গো—বিশ্ব বিবেকানন্দ।।
সুদূরে সাগরে গহনে কাননে যাপিলে কত না নিশি,
ভ্রমণে বিমানী বিবিধ জনে চলিলে কত না দিশি;
অতুল পূর্ণ শান্তি-ক্ষেত্র শান্তের আনন্দ
মোদের বিবেকানন্দ তুমি গো—বিশ্ব বিবেকানন্দ।।
জ্ঞানের গরিমা গৌরব গাথা ভারত-মর্মবাণী,
শাশ্বত সেবা বেদান্ত গাথা শুনি বিশ্বের বাণী।
স্নিগ্ধ ভাবের শক্তি মাধুরী মুক্ত নূতন ছন্দ,
মোদের বিবেকানন্দ তুমি গো—বিশ্ব বিবেকানন্দ।।
চিকাগো সভায় সঙ্গীত তব শীর্ষে উঠিল ভাসি,
শুনিল বিশ্ব, শুনিল নিখিল, শুনিল প্রেমানন্দবাসী;
পূজিলে "শিব-জীব" প্রকৃতির তীর্থ মহানন্দ,
মোদের বিবেকানন্দ তুমি গো—বিশ্ব বিবেকানন্দ।।

## ইমন-ভূপালি। ত্রিতাল

অনন্ত অপার, তোমায় কে জানে।
তুমি দেখা না দিলে প্রভু, খাজে জেনে।।
বাক্য-মনাতীত তুমি অনাদি, সম্ভব-প্রলয়-পালন-বিধি
প্রাণরূপী হয়ে আছ প্রাণে।।
অজর অমর চিন্ময় সুন্দর নিত্য নিরঞ্জন পরম প্রেম;
স্বরূপ অব্যয় এক অদ্বিতীয়, নিত্যজ্যোতির্ময়
অমৃত-আনন্দ,
তোমার তুলনা তুমি, প্রভু হে।।



# রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র

১০৫ বিবেকানন্দ রোড, কলকাতা - ৭০০০০৬

সুধী,

এতদ্বারা স্বামী বিবেকানন্দের সকল অনুরাগীর উদ্দেশে জানানো যাচ্ছে যে, রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্রের পক্ষ থেকে স্বাধীনতার ৭৫ বছর পূর্তি উপলক্ষে ভারত সরকার ঘোষিত "আজাদী কা অমৃত মহোৎসব"-এর অঙ্গরূপে আগামী ৩০ জুলাই, ২০২২ ও ৩১ জুলাই, ২০২২ দুইদিন ব্যাপী এক সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। এই সংক্রান্ত সকল তথ্যাদি নিম্নে উল্লেখ করা হল।

আগ্রহী সর্বসাধারণের নিকট অনুরোধ, আপনারা বিধিমতো উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণ করে সমগ্র আয়োজনকে সাফল্যমণ্ডিত করবেন।

তারিখ ৮/০৬/২০২২ ভবদীয়-
কলকাতা -৭০০০০৬ স্বামী জ্ঞানলোকানন্দ
সম্পাদক

- প্রতিযোগিতা সম্পর্কিত তথ্যাদি
- প্রতিযোগিতার স্থান : রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র, ১০৫ বিবেকানন্দ রোড, কলকাতা - ৭০০০০৬
- প্রতিযোগিতার তারিখ ও সময় : ৩০ জুলাই, ২০২২ ও ৩১ জুলাই, ২০২২ সকাল ১০টা থেকে বিকাল ৫টা।

প্রতিযোগিতার বিষয়সমূহ : ক) একক সঙ্গীত খ) কবিতা আবৃত্তি গ) স্বামী বিবেকানন্দের বাণী পাঠ ঘ) চিত্র অঙ্কন ঙ) প্রবন্ধ রচনা : বাংলা ও ইংরেজী চ) তাৎক্ষণিক বক্তৃতা।

- বয়সসীমা : 'ক' বিভাগ : ১৪ বছর থেকে ২০ বছর বয়সী প্রতিযোগীরা এই বিভাগের অন্তর্ভুক্ত হবেন।

'খ' বিভাগ : ২০ বছর থেকে ২৫ বছর বয়সী প্রতিযোগীরা এই বিভাগের অন্তর্ভুক্ত হবেন।

'গ' বিভাগ : ২৫ বছর থেকে ৩৫ বছর বয়সী প্রতিযোগীরা এই বিভাগের অন্তর্ভুক্ত হবেন।

'ঘ' বিভাগ : ৩৫ বছর থেকে ৪৫ বছর বয়সী প্রতিযোগীরা এই বিভাগের অন্তর্ভুক্ত হবেন।

প্রতিযোগিতার বিষয় ভিত্তিক তথ্যাদি :

ক) একক সঙ্গীত : 'স্বদেশ বিদেশ উছলি উঠিছে' (স্বামী অভেদানন্দ রচিত) অথবা 'অনন্ত ও পার তোমার কে জানে' (ভক্তিগীত) ৩১ জুলাই, ২০২২ সকাল ১০টা, প্রত্যেক প্রতিযোগী সর্বাধিক ৫ মিনিট সময় পাবেন।

খ) কবিতা আবৃত্তি : 'মৃত্যুরূপা মাতা' (মূল রচনা স্বামী বিবেকানন্দ; অনুবাদক : সত্যেন্দ্রনাথ দত্ত) অথবা 'সখার প্রতি' (স্বামী বিবেকানন্দ) ৩০ জুলাই, ২০২২ সকাল ১০টা।

গ) স্বামী বিবেকানন্দের বাণীপাঠ : স্বদেশমন্ত্র ("হে ভারত, এই পরানুবাদ, পরানুকরণ...") - ৩০ জুলাই, ২০২২ দুপুর ২টা।

ঘ) চিত্র অঙ্কন : শিকাগো ধর্মমহাসভায় অভিভাষণরত স্বামী বিবেকানন্দ-এর চিত্র (জলরঙ অথবা তেলরঙ মাধ্যমে) - ৩০ জুলাই ২০২২ সকাল ১১টা, প্রত্যেক প্রতিযোগী সর্বাধিক এক ঘন্টা সময় পাবেন। (১/৪ আর্ট পেপার আয়োজক কর্তৃপক্ষ সরবরাহ করবেন।)

ঙ) প্রবন্ধ রচনা : বাংলা বিষয় - স্বামী বিবেকানন্দের স্বপ্নের ভারতবর্ষ (অনধিক ৫০০ শব্দে) - ৩১ জুলাই, ২০২২ দুপুর ২টা ৩০ মিনিট, প্রত্যেক প্রতিযোগী সর্বাধিক এক ঘন্টা সময় পাবেন। (প্রবন্ধ রচনার খাতা আয়োজক কর্তৃপক্ষ সরবরাহ করবেন।)

প্রবন্ধ রচনা : ইংরাজী বিষয় - The Unsung Heroes of Indian Struggle for Freedom (within 400 words) - ৩১ জুলাই, ২০২২ দুপুর ২টা ৩০ মিনিট, প্রত্যেক প্রতিযোগী সর্বাধিক এক ঘন্টা সময় পাবেন। (প্রবন্ধ রচনার খাতা আয়োজক কর্তৃপক্ষ সরবরাহ করবেন।)

চ) তাৎক্ষণিক বক্তৃতা : বক্তৃতার অব্যবহিত আগে লটারির মাধ্যমে প্রতিযোগী নিজের বক্তব্য বিষয় বাছাই করে নেবেন। ৩০ জুলাই, ২০২২ বিকাল ৪টা, প্রত্যেক প্রতিযোগী সর্বাধিক ৩ মিনিট সময় পাবেন।

সাধারণ নিয়মাবলী

ক) প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রয়োজনীয় সরঞ্জামাদি প্রতিযোগীকেই সঙ্গে নিয়ে আসতে হবে।



খ) প্রতিযোগিতায় আগত প্রতিযোগীকে নিজ পরিচয় করাতে হবে।

গ) সঙ্গীত প্রতিযোগীদের সঙ্গে সঙ্গতকার তবলা বাদক এবং তবলা প্রতিযোগীকে সঙ্গে নিয়ে আসতে হবে।

ঘ) প্রতিযোগীদের থাকা এবং খাওয়ার ব্যবস্থা (যদি প্রয়োজন হয়) নিজদায়িত্বে করতে হবে।

ঙ) সকল বয়সের প্রতিযোগীই সকল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারেন।

চ) প্রত্যেক প্রতিযোগিতার প্রথম, দ্বিতীয়, তৃতীয় স্থানাধিকারীকে উপযুক্ত পুরস্কার প্রদান করা হবে।

ছ) প্রতিযোগিতায় স্থান নির্ণয়ের ক্ষেত্রে বিচারকদের মতামতই চূড়ান্তরূপে গণ্য করতে হবে।

জ) প্রত্যেক প্রতিযোগীকে আবেদন পত্রের সঙ্গে বয়স-সংক্রান্ত প্রমাণ-পত্রের প্রতিলিপি (জেরক্স) জমা দিতে হবে।

ঝ) প্রতিযোগিতার নির্দিষ্ট সময়ের অন্তত ৩০ মিনিট আগে প্রতিযোগীদের প্রতিযোগিতা-স্থলে পৌঁছে রিপোর্ট করার জন্য যোগাযোগ করতে হবে।

ঞ) যোগাযোগের মাধ্যম : স্বামী [illegible] : ৯১৫৫৩৮১৮১১, শ্রী তমাল ভট্টাচার্য : ৯০৫১০৩৬৯২১ সময় সকাল ১০টা থেকে ১২টা এবং বিকাল ৪টা থেকে ৫.৩০ মিঃ।

ট) প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান থেকে প্রতিটি বিষয়ে সর্বাধিক ০৩ জন প্রতিযোগী প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারেন। শিক্ষা প্রতিষ্ঠান থেকে সেরা তিনজন প্রতিযোগীর তালিকা বাঞ্ছনীয়।

ঠ) প্রতিযোগীদের নাম নথিভুক্তির শেষ তারিখ ১৫ জুলাই, ২০২২। প্রতিযোগীর সর্বাধিক সংখ্যা নির্দিষ্ট। যে সকল প্রতিযোগী আগে নাম নথিভুক্ত করবেন, তাঁরাই প্রতিযোগিতায় অংশগ্রহণ করার সুযোগ পাবেন।

ড) প্রবন্ধ রচনা প্রতিযোগিতার ক্ষেত্রে প্রতিযোগী বাংলা অথবা ইংরাজী যে কোনও একটি ভাষায় প্রবন্ধ রচনা প্রতিযোগিতাতে অংশগ্রহণ করতে পারবেন।

ঢ) প্রতিযোগীগণ তারিখের ভিত্তিতে অর্থাৎ ৩০ জুলাই, ২০২২-এ যে কোনও একটি বিষয়ে এবং ৩১ জুলাই, ২০২২ যে কোনও একটি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন।

# সখার প্রতি

আঁধারে আলোক-অনুভব, দুঃখে সুখ, রোগে স্বাস্থ্যভান,
প্রাণসাক্ষী শিশুর ক্রন্দন, হেথা সুখ ইচ্ছ মতিমান্‌?
দ্বন্দ্বযুদ্ধ চলে অনিবার, পিতা পুত্রে নাহি দেয় স্থান;
'স্বার্থ' 'স্বার্থ' সদা এই রব, হেথা কোথা শান্তির আকার?
সাক্ষাৎ নরক স্বর্গময়—কেবা পারে ছাড়িতে সংসার?
কর্ম-পাশ গলে বাঁধা যার—ক্রীতদাস বল কোথা যায়?
যোগ-ভোগ, গার্হস্থ্য-সন্ন্যাস, জপ-তপ, ধন-উপার্জন,
ব্রত ত্যাগ তপস্যা কঠোর, সব মর্ম দেখেছি এবার;
জেনেছি সুখের নাহি লেশ, শরীরধারণ বিড়ম্বন;
যত উচ্চ তোমার হৃদয়, তত দুঃখ জানিহ নিশ্চয়।
হৃদিবান্‌ নিঃস্বার্থ প্রেমিক! এ জগতে নাহি তব স্থান;
লৌহপিণ্ড সহে যে আঘাত, মর্মর-মূরতি তা কি সয়?
হও জড়প্রায়, অতি নীচ, মুখে মধু, অন্তরে গরল—
সত্যহীন, স্বার্থপরায়ণ, তবে পাবে এ সংসারে স্থান।.....
দেখ, শিক্ষা দেয় পতঙ্গম—অগ্নিশিখা করি আলিঙ্গন;
রূপমুগ্ধ অন্ধ কীটাধম, প্রেমমত্ত তোমার হৃদয়;
হে প্রেমিক, স্বার্থ-মলিনতা অগ্নিকুণ্ডে কর বিসর্জন।
ভিক্ষুকের কবে বল সুখ? কৃপাপাত্র হয়ে কিবা ফল?
দাও আর ফিরে নাহি চাও, থাকে যদি হৃদয়ে সম্বল।
অনন্তের তুমি অধিকারী, প্রেমসিন্ধু হৃদে বিদ্যমান,
'দাও', 'দাও'—যেবা ফিরে চায়, তার সিন্ধু বিন্দু হয়ে যায়।
ব্রহ্ম হতে কীট-পরমাণু, সর্বভূতে সেই প্রেমময়,
মন প্রাণ শরীর অর্পণ কর সখে, এ সবার পায়।
বহুরূপে সম্মুখে তোমার, ছাড়ি কোথা খুঁজিছ ঈশ্বর?
জীবে প্রেম করে যেইজন সেইজন সেবিছে ঈশ্বর।

(বিবেকানন্দ)



# রামকৃষ্ণ মিশন স্বামী বিবেকানন্দের পৈতৃক আবাস ও সাংস্কৃতিক কেন্দ্র

## সাংস্কৃতিক প্রতিযোগিতায় যোগদানের আবেদনপত্র

১। প্রতিযোগীর নাম (স্পষ্টাক্ষরে) ______________________________

________________________________________________

২। বর্তমান ঠিকানা ______________________________

________________________________________________

৩। জন্ম তারিখ (বয়স সংক্রান্ত প্রমাণপত্রের প্রতিলিপি সংলগ্ন সহ)

________________________________________________

৪। শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও ফোন নং
(যদি প্রযোজ্য হয়) ______________________________

________________________________________________

________________________________________________

________________________________________________

৫। শ্রেণি ও বিভাগ ______________________________

৬। ই-মেল ______________________________

৭। মোবাইল নম্বর (হোয়াটসঅ্যাপ নং থাকলে)

________________________________________________

৮। প্রতিযোগিতার বিষয়/বিষয়সমূহ ______________________________

________________________________________________

**ROTARY CLUB OF NORTH CALCUTTA**
**&**
# RAMAKRISHNA MISSION
**SWAMI VIVEKANANDA'S ANCESTRAL HOUSE AND CULTURAL CENTRE**

Rotary Club of North Calcutta in collaboration with Ramakrishna Mission Swami Vivekananda's Ancestral House & Cultural Centre has organised a **Blood Donation Camp** on 3rd July, 2022 from 10 am to 1 pm at the Ramakrishna Mission Swami Vivekananda's Ancestral House & Cultural Centre Venue.

Please donate blood and help us to serve the Community.